

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

নতুন উপাধ্যক্ষ ড. বিলকিস বেগম

নিজস্ব প্রতিবেদক

২৯ এপ্রিল ২০২৬, ১২:০০ এএম



রাজধানীর লালমাটিয়া সরকারি মহিলা কলেজের নতুন উপাধ্যক্ষ নিয়োগ দিয়েছে

সরকার। কলেজটির গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান ও সহকারী অধ্যাপক ডক্টর

বিলকিস বেগমকে এই পদে নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

উচ্চ শিক্ষা বিভাগ গত সোমবার এক প্রজ্ঞাপনে তাকে এই নিয়োগ দেয়। এদিকে প্রজ্ঞাপন জারির পর গতকাল মঙ্গলবার উপাধ্যক্ষ পদে যোগদান করেছেন ডক্টর বিলকিস বেগম। এ সময় কলেজের অধ্যক্ষ প্রফেসর সুলতানা মাহমুদা ইয়াসমীনসহ

সবাই ফুল দিয়ে তাকে শুভেচ্ছা জানান।

জানা গেছে, লালমাটিয়া মহিলা কলেজের এমপিওভুক্ত শিক্ষক হিসেবে জ্যেষ্ঠতার তালিকায় প্রথম ডক্টর বিলকিস বেগম। তার শিক্ষা, পাঠদান ও গবেষণার অভিজ্ঞতা প্রায় ৩০ বছর। ডিগ্রি (পাস), অনার্স, মাস্টার্স, ডিপ্লোমা শ্রেণিতে পাঠদানের অভিজ্ঞতা রয়েছে তার।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর এবং বিভাগটির প্রথম এমফিল শিক্ষার্থী ডক্টর বিলকিস বেগম। এ ছাড়া তিনি জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রথম শিক্ষার্থী হিসেবে পিএইচডি ডিগ্রি লাভ করেন। দেশ-বিদেশের বিভিন্ন খ্যাতনামা জার্নালে তার ১৩টি প্রকাশনা প্রকাশিত হয়েছে।